



কবি হুমায়ূন কবির

১৯০৬ সাল

ফরিদপুর সদর উপজেলার কোমরপুর গ্রাম

কবি হুমায়ূন কবির ছিলেনছিলেন একাধারে কবি, লেখক ও রাজনীতিবিদ। পিতা ছিলেন তৎকালীন জেলা ম্যাজিস্ট্রেট খান বাহাদুর কবির উদ্দিন আহম্মেদ।

১৯২২ সালে নওগাঁ কেবি স্কুল থেকে ইংরেজীতে লেটারসহ প্রথম বিভাগে ম্যাট্রিক পাশ করেন। এরপর তিনি কলকাতা প্রেসিডেন্সি কলেজে ভর্তি হন এবং সেখান থেকে উচ্চমাধ্যমিক পরীক্ষায় ইংরেজীতে লেটারসহ তৃতীয় স্থান অধিকার করেন। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজীতে ফার্স্ট ক্লাস ফার্স্ট হন এবং মাস্টার্স পরীক্ষায় তিনি ফার্স্ট ক্লাস ফার্স্ট হন। এরপর তিনি বৃত্তি নিয়ে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের একসেটর কলেজে ভর্তি হন। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে তিনি দর্শন, ইতিহাস ও অর্থনীতিতে প্রথম বিভাগে প্রথম স্থান অধিকার করেন। ভারত ফিরে এসে তিনি অন্ধ বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার কাজে যোগদান করেন। পরবর্তীতে তিনি অধ্যাপকের দায়িত্ব পালন করেন। এরপর তিনি বিভিন্ন সরকারি উচ্চ পদস্থ চাকুরীতে নিয়োজিত ছিলেন। তিনি বঙ্গীয় সরকারের প্রধানমন্ত্রী শেরে বাংলা এ কে ফজলুল হকের রাজনৈতিক সচিব হিসেবে দায়িত্ব পালন করেন।

১৯৩৭ সালে কৃষক প্রজা পার্টির টিকিট নিয়ে মুসলিম লীগের তমিজ উদ্দিন খানের সাথে ফরিদপুর আসন থেকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেন। নির্বাচনে হুমায়ূন কবির পরাজিত হন। ১৯৪৪-৪৬ সাল পর্যন্ত সেক্রেটারী হিসাবে বৃটিশ ক্যাবিনেটে আলোচনায় অংশ গ্রহণ করেন। তিনি একসময় নিখিল ভারত সরকারের শিক্ষামন্ত্রী নিযুক্ত হয়েছিলেন। আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন সু-সাহিত্যিক ও বুদ্ধিজীবী হিসাবে তার যথেষ্ট অবদান রয়েছে। দর্শন সাহিত্য ও সমাজ তত্ত্বের উপর বাংলা ও ইংরেজী ভাষায় বহুমূল্যাবান গ্রন্থ রচনা করে খ্যাতি অর্জন করেন। কলকাতা থেকে ‘চতুরঞ্জ’ নামক একটি উচ্চাঙ্কের সাহিত্য তঁর সম্পাদনায় প্রকাশিত হত। তঁর রচিত ‘বাঙলার কাব্য’ ঐতিহাসিক ও সামাজিক পরিপ্রেক্ষিতে বাংলা সাহিত্যের বিকাশ সংক্রান্ত একটি মূল্যবান আলোচনা গ্রন্থ। হুমায়ূন কবিরের প্রকাশিত গ্রন্থাবলীঃ- পদ্মা, মুসাদ্দাসই হালী, বাংলার কাব্য, মার্কসবাদ, নদী ও নারী ইত্যাদি।

১৯৬৯ সালে ফরিদপুর পৌরসভার ১০০ শত বছর পূর্তিতে তিনি এবং তঁর পরিবার মিলে তাদের পৈত্রিক বাড়ী ঐতিহাসিক কবির

বাগ যেটি বর্তমানের সাজেদা কবির উদ্দিন পৌর বালিকা বিদ্যালয় নামে পরিচিত সেটি নারী শিক্ষা সম্প্রসারণে ফরিদপুর পৌরসভার কাছে হস্তান্তর করেন।

[তথ্য সূত্র: ফরিদপুরের কবি সাহিত্যিক লেখক-আ.ন.ম আবদুস সোবহান, বৃহত্তর ফরিদপুরের ইতিহাস এবং মনোয়ার হোসেন সম্পাদিত ফরিদপুর গাইড]।